# সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ৯৯৮ [আন্তর্জাতিক নাম্বারঃ ৯৯৯]

পর্ব-১১: সালাত শুরু করা (كِتَابُ الْإِفْتِتَاحِ)

পরিচ্ছেদঃ ৭১: ‘ইশার সালাতে ‘ওয়াশ শামসি ওয়াযুহা-হা-’ পাঠ করা

القراءة في العشاء الآخرة بالشمس وضحاها

আরবী

أَخْبَرَنَا قُتَيْبَةُ، قال: حَدَّثَنَا اللَّيْثُ، عَنْ أَبِي الزُّبَيْرِ، عَنْ جَابِرٍ، قال: صَلَّى مُعَاذُ بْنُ جَبَلٍ لِأَصْحَابِهِ الْعِشَاءَ فَطَوَّلَ عَلَيْهِمْ فَانْصَرَفَ رَجُلٌ مِنَّا فَأُخْبِرَ مُعَاذٌ عَنْهُ، فَقَالَ: إِنَّهُ مُنَافِقٌ فَلَمَّا بَلَغَ ذَلِكَ الرَّجُلَ دَخَلَ عَلَى النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَأَخْبَرَهُ بِمَا قَالَ مُعَاذٌ، فَقَالَ لَهُ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: أَتُرِيدُ أَنْ تَكُونَ فَتَّانًا يَا مُعَاذُ إِذَا أَمَمْتَ النَّاسَ فَاقْرَأْ بِ الشَّمْسِ وَضُحَاهَا و سَبِّحِ اسْمَ رَبِّكَ الْأَعْلَى و اللَّيْلِ إِذَا يَغْشَى و اقْرَأْ بِاسْمِ رَبِّكَ .

تخريج دارالدعوه: صحيح مسلم/الصلاة ٣٦ (٤٦٥)، سنن ابن ماجہ/إقامة الدين ١٠ (٨٣٦)،٤٨ (٩٨٦)، (تحفة الأشراف: ٢٩١٢) (صحيح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 999 ـ صحيح

বাংলা

৯৯৮. কুতায়বাহ্ (রহ.) ..... জাবির (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, মু’আয ইবনু জাবাল (রাঃ) তাঁর সাথীদের নিয়ে ’ইশার সালাত আদায় করছিলেন। তিনি সালাত দীর্ঘ করলে আমাদের মধ্য হতে এক ব্যক্তি চলে গেল। মু’আয (রাঃ)-কে এ সংবাদ দেয়া হলে তিনি বললেন, সে ব্যক্তি মুনাফিক। ঐ ব্যক্তির কাছে এ সংবাদ পৌছলে সে ব্যক্তি নবী (সা.)-এর কাছে গেল এবং মু’আয (রাঃ) যা বলেছিলেন তা তাঁকে অবহিত করল। নবী (সা.) তাঁকে বললেন, হে মু’আয! তুমি কি (লোকেদের মধ্যে) ফিতনা সৃষ্টি করতে চাও? যখন তুমি লোকেদের ইমামাত করবে তখন “ওয়াশশামসি ওয়াযুহা-হা-” (৯১. সূরাহ আশ শামস), “সাব্বিহিসমা রব্বিকাল আ’লা-" (৮৭. সূরাহ আল আ’লা-), “ওয়াল লায়লি ইযা- ইয়াগশা-“ (৯২. সূরাহ আল লায়ল) এবং “ইকরা বিসমি রব্বিকা” (৮৭. সূরা আল আ’লা-) পাঠ করবে।

## English

71. Reciting: "By The Sun And Its Brightness" In 'Isha'

It was narrated that Jabir said: Mu'adh bin Jabal led his companions in praying Isha' and he made it lengthy. A man left, and Mu'adh was told about that, and he said: 'He is a hypocrite.' When news of that reached the man, he went to the Prophet (ﷺ) and told him what Mu'adh had said. The Prophet (ﷺ) said to him: 'Do you want to be a cause of hardship, O Mu'adh? When you lead the people in prayer, recite 'By the sun and its brightness' and 'Glorify the Name of your Lord, the Most High' and 'By the night as it envelops'and 'Read! In the Name of your Lord.'

## ফুটনোট

সহীহ: বুখারী ৬১০৬, মুসলিম ৪৬৫, ইবনু মাজাহ ৮৩৬।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি ￼ বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=87372

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন